

১২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	: জনাব জামাল উদ্দীন আহমেদ মহাপরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর প্রধান কার্যালয়, ঢাকা।
সভার তারিখ ও সময়	: ১৯ মার্চ, ২০২০, সময়: বেলা-১২.০০ ঘটিকা।
সভার স্থান	: প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষ।
সভার উপস্থিতি	: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

০২। অতঃপর পরিচালক (প্রশাসন) সভায় গত ৩০ ডিসেম্বর ২০১৯ তারিখে অংশীজনের (Stakeholder) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ অধ্যাকার সভায় পাঠ করে শুনান। উহাতে কারো কোন আপত্তি বা সংশোধন/সংযোজন না থাকায় উক্ত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হয়।

০৩। পরিচালক (প্রশাসন) সভায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী সভায় উপস্থিত অংশীজনকে (Stakeholder) মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

০৪। সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয় :


ক্র: নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	সভায় আলোচনাকালে Stakeholder গণ নিম্নোক্ত মতামত প্রদান করেন : ক) এফিড্রিন হাইড্রোক্লোরাইড আমদানির বিষয়ে অধিদপ্তর সতর্কতা অবলম্বন করছে। অধিদপ্তর হতে এনওসি প্রাপ্তি সাপেক্ষে এফিড্রিন হাইড্রোক্লোরাইড আমদানি করা হয়। আমদানীকৃত পণ্য অধিদপ্তরের কর্মকর্তার উপস্থিতিতে মোড়ক উন্মোচিত হয়। অতঃপর উক্ত পণ্য কেমিক্যাল ল্যাবে প্রেরণ করা হয়। কেমিক্যাল ল্যাবের রিপোর্ট প্রাপ্তির পর কোম্পানী গুণ উৎপাদনে যায়। পর্যায়ক্রমে পরীক্ষা-নিরীক্ষা শেষে বাজারজাতকরণ করা হয়। উৎপাদন ও বিক্রয়ের হিসাব অধিদপ্তর কর্তৃক যথারীতি পরীক্ষণ করা হয়। এসব কার্যক্রম যথাযথভাবে অব্যাহত আছে।	এফিড্রিন হাইড্রোক্লোরাইড আমদানির বিষয়ে অধিদপ্তর কড়া নজরদারী অব্যাহত রাখতে হবে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)
২	টলুইন ও এসিটোনসহ সকল প্রকার সাবস্টেন্সসহ সকল প্রকার প্রকারসর কেমিক্যাল এর গোডাউনের পাশে বাড়ীঘর/দোকান না রাখা প্রসঙ্গে অতিরিক্ত পরিচালক (গোয়েন্দা)কে আহবায়ক করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অস্পষ্ট হওয়ায় তা স্পষ্ট করা প্রয়োজন।	আগামী ১৫ দিনের মধ্যে দাখিলকৃত প্রতিবেদনের তথ্যাদি স্পষ্ট করে পরিচালক (নিরোধ শিক্ষা) পুনরায় একটি প্রতিবেদন দাখিল করবেন। প্রাপ্ত রিপোর্টের আলোকে একটি বিশেষ সভা আহবান করা যেতে পারে।	পরিচালক (নিরোধ শিক্ষা)/ অতিরিক্ত পরিচালক (সকল)

১৫

৩২২

ক্র:নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী পরিচালক (সকল)
৩	মাদকদ্রব্য আমদানির অনুমতি পত্রে অধিদপ্তরের রঙিন মনোগ্রাম সম্বলিত অনাপত্তিপত্র প্রদান।	মাদকদ্রব্য আমদানির ক্ষেত্রে আগামী ০১ (এক) মাসের মধ্যে অধিদপ্তরের রঙিন মনোগ্রাম অনাপত্তির পত্র প্রদান করতে হবে।	
৪	'মুজিববর্ষ' উপলক্ষে বেসরকারি নিরাময় কেন্দ্রের জন্য গৃহীত কর্মসূচীসমূহ যথাযথভাবে পালনে সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে। এ পর্যন্ত ৩২৯টি বেসরকারি নিরাময় কেন্দ্রে ৩২৯০০০/- (তিন লক্ষ উনত্রিশ হাজার) টাকা কাউন্সিলিং সেবা প্রদানের জন্য দেয়া হয়েছে। অধিকতর এসব নিরাময় কেন্দ্রে সরকারের নির্বাচনী ইশতেহার অনুযায়ী প্রণোদনা প্রদানের কার্যক্রম চলছে।	সরকারের নির্বাচন ইশতেহার অনুযায়ী বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর সক্ষমতা বৃদ্ধি এবং মান উন্নয়নে চলতি অর্থ বছরে ১ (এক) কোটি টাকা প্রণোদনা প্রদানের কার্যক্রম সম্পন্ন দ্রুত করতে হবে।	

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: জামাল উদ্দীন আহমেদ)
মহাপরিচালক

০৫ চৈত্র, ১৪২৬


তারিখ: -----

১৯মার্চ, ২০২০

নং-৫৮.০২.০০০০.০০৬.০৬.০৩৭.১৯ (অংশ-৪).১৩০৬

অনুলিপি সদয় অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (প্রশাসন/অপা:/ নিরোধ শিক্ষা/চি: পু:), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. চীফ কমসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা।
৫. প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেভারিয়া, ঢাকা।
৬. অতিরিক্ত পরিচালক/ অতিরিক্ত পরিচালক, বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ/গোয়েন্দাশাখা।
৭. উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল)-----।
৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অফিস কপি।


১২/৩/২০

(মোহা: জিলনুর রহমান)

সহকারী পরিচালক (প্রশাসন)

মোবাইল: +৮৮০১৪০৪০৭২০১৯

ই-মেইল: adadmin@dnc.gov.bd